

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম কল্যাণ কেন্দ্র,  
চাষাড়া, নারায়ণগঞ্জ।

E-Mail: lwc.chashara @ gmail.com

নং-৪০.০২.০০০০.৪০৪.২৩.০০১.১৯.১০৯

তারিখঃ ২০/০৮/২০২০ খ্রি.

সূত্র: ৪০.০২.০০০০.০৩১.২৩.০০১.০৫.৩০১

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৭ ; ০৪ আগস্ট ২০২০

বরাবর,  
মহা পরিচালক,  
শ্রম অধিদপ্তর,  
শ্রম ভবন, ঢাকা।

**বিষয়ঃ জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে বিশেষ কর্মসূচী পালনের প্রতিবেদন।**

মহোদয়,

স্বাধীনতার মহান স্থপতি জাতিরপিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট, ২০২০ খ্রিঃ শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া নারায়ণগঞ্জ স্থানীয় জেলা প্রশাসন এর সাথে সমন্বয় করে বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ এর সাথে সম্মিলিতভাবে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৫ আগস্ট পালন উপলক্ষে পালনীয় স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে "জাতীয় শোক দিবস, ২০২০" পালন করা হয়। প্রথমেই ১৫ই আগস্ট, ২০২০ খ্রিঃ শনিবার শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া নারায়ণগঞ্জ এ ভোর থেকে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এরপর বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ এর সাথে সম্মিলিতভাবে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। তারপর বিভাগীয় পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সংক্ষিপ্ত আলোচনা ও দোয়া মাহফিল সংগঠিত হয়। সবশেষে জাতির জনকের উপর বিভিন্ন প্রামাণ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে জাতীয় শোক দিবসের প্রথম দিনের কর্মসূচীর সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬ ই আগস্ট, রবিবার শোক দিবস উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচী পালন করা হয়।

এছাড়াও অফিসের দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবস, ২০২০ এর সাথে সামঞ্জস্যপূর্ণ রোল ব্যানার, স্ট্যান্ড ব্যানার প্রদর্শন করার ব্যবস্থা গ্রহন করা হয়েছে। সকল ব্যানারে মুজিব বর্ষের লোগোর ব্যবহার করা হয়েছে। এবং অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীগণ জাতীয় শোক দিবস, ২০২০ উপলক্ষে ১৫ আগস্ট, ২০২০ হতে ১৮ আগস্ট, ২০২০ পর্যন্ত কালো ব্যাজ ধারণ করেছেন।

আপনার অনুগত,



(ডা. রিফাত মেহজাবীন)

সি. মেডিকেল অফিসার(চ.দা.)

শ্রম কল্যাণ কেন্দ্র,

চাষাড়া, নারায়ণগঞ্জ।